



ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি

দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া।

স্মারক নং-২৭.১২.১২১৩.৫৫২.০২.০০৮.২৬.

তারিখ: ১১ চৈত্র ১৪৩২ বঙ্গাব্দ
২৫ মার্চ ২০২৬ খ্রিষ্টাব্দ

“উন্মুক্ত নিয়োগ বিজ্ঞপ্তি”

ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি এ ড্রাইভার এর শূন্য পদে স্থায়ী ভিত্তিতে লোকবল নিয়োগ/প্যানেল তৈরীর জন্য প্রকৃত যোগ্যতা সম্পন্ন বাংলাদেশী নাগরিকগণের নিকট হতে নির্ধারিত ফর্মে স্বহস্তে পূরণকৃত পবিস নির্দেশিকা ৩০০-১৪, ৩০০-২৪ ও ৩০০-৫১ এবং ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি কর্মচারী চাকুরী বিধি, ১৯৯২ (সংশোধিত-২০১২) মোতাবেক নিম্নবর্ণিত শর্তসাপেক্ষে দরখাস্ত আহবান করা যাচ্ছেঃ-

ক্রঃ নং	পদের নাম ও পদ সংখ্যা	বেতন স্কেল	বয়সসীমা	প্রার্থীর যোগ্যতা ও অভিজ্ঞতা
০১।	ড্রাইভার (পুরুষ) পদসংখ্যাঃ ০১ (এক) টি (কম/বেশি হতে পারে)	পবিস বেতন কাঠামো ২০১৬ অনুযায়ী বেতন স্কেল ১৬,৬০০/- হতে ৪১,৯৫০/- টাকা এবং নিয়ম অনুযায়ী বাড়ি ভাড়া, চিকিৎসা ভাতা ও অন্যান্য ভাতাদি প্রাপ্য হবেন।	২৬/০৪/২০২৬ খ্রিঃ তারিখে সর্ব নিম্ন বয়স ১৮ বছর এবং সর্বোচ্চ বয়স সীমা ৪৫ বছর।	(ক) সাবলীলভাবে বাংলা পড়া ও লেখায় এবং ইংরেজি শব্দ, সংখ্যা, দিক, চিহ্ন, নির্দেশিকা পড়তে ও লিখতে সক্ষম হতে হবে। (খ) প্রার্থীর BRTA কর্তৃক প্রদত্ত মেয়াদ সমৃদ্ধ বৈধ ড্রাইভিং লাইসেন্স থাকতে হবে এবং লাইসেন্স এর সত্যায়িত অনুলিপি আবেদন পত্রের সাথে জমা দিতে হবে। (গ) প্রার্থীকে যে কোন সরকারী/আধা-সরকারী/স্বায়ত্বশাসিত/ বৃহৎ শিল্প/বাণিজ্যিক প্রতিষ্ঠানে গাড়ী চালনাসহ রক্ষণাবেক্ষণ কাজে ন্যূনতম ০৫ (পাঁচ) বছরের অভিজ্ঞতা থাকতে হবে। ড্রাইভিং লাইসেন্স ইস্যুর পর উল্লেখিত প্রতিষ্ঠান সমূহের কর্মকালকে অভিজ্ঞতার কর্মকাল হিসেবে গণ্য করা হবে। (ঘ) বিগত ০৩ (তিন) বছরের মধ্যে বড় ধরনের কোন দুর্ঘটনা ঘটেনি মর্মে সংশ্লিষ্ট প্রতিষ্ঠানের প্রধান কর্তৃক প্রত্যয়নপত্র প্রদান করতে হবে। প্রার্থীকে সু-স্বাস্থ্যের অধিকারীসহ স্বাভাবিক দৃষ্টি সম্পন্ন হতে হবে। নির্বাচনী লিখিত পরীক্ষায় অংশ গ্রহন করতে হবে। (ঙ) কর্তৃপক্ষ কর্তৃক লিখিত, ব্যবহারিক (ড্রাইভিং) ও মৌখিক পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে। (লিখিত পরীক্ষা হবে ছোট ধরনের ইঞ্জিন রিপারিং, টিউন-আপ ও সাধারণ রক্ষণাবেক্ষণ কাজ সম্পর্কে) (চ) প্রার্থী কে সুন্দর শারীরিক গঠন ও সুঠাম দেহের অধিকারী সহ ব্যক্তিত্ব সম্পন্ন হতে হবে। পবিসের রিটেইনার ডাক্তার কর্তৃক স্বাস্থ্য ও চক্ষু পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

শর্তাবলীঃ

০১. আবেদনকারীগণকে ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতির ওয়েবসাইট www.pbs.brahmanbaria.gov.bd অথবা বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ডের ওয়েবসাইট www.reb.gov.bd হতে A-4 সাইজের নির্ধারিত আবেদন ফরম কাগজে (ফরম নং-পমাসপ-১১০-০০২, ভার্সন-০১) ডাউনলোড পূর্বক নিজহাতে পূরণ করে আগামী ২৬/০৪/২০২৬ খ্রিঃ তারিখের মধ্যে অফিস চলাকালীন সময়ে জেনারেল ম্যানেজার, ব্রাহ্মণবাড়িয়া পল্লী বিদ্যুৎ সমিতি, দক্ষিণ সুহিলপুর, ব্রাহ্মণবাড়িয়া বরাবর ডাকযোগে অথবা কুরিয়ার সার্ভিসের মাধ্যমে আবেদন পত্র প্রেরণ করতে হবে। নির্ধারিত ফরম ব্যতীত অন্য কোন ফর্মে/সাদা কাগজে/টাইপকৃত/সরাসরি কোন আবেদনপত্র এবং উল্লেখিত তারিখের পর প্রাপ্ত কোন আবেদনপত্র গ্রহণযোগ্য বিবেচিত হবে না। ব্রাহ্মণবাড়িয়া জেলার স্থায়ী বাসিন্দাদের আবেদন করার প্রয়োজন নেই।

নিয়োগ বিজ্ঞপ্তির অন্যান্য শর্তাবলী ও নির্ধারিত আবেদন পত্র অত্র পবিসের ওয়েব সাইট (www.pbs.brahmanbaria.gov.bd) তে দেওয়া আছে। আগ্রহী প্রার্থীগণকে সংশ্লিষ্ট ওয়েবসাইট এ অন্যান্য শর্তাবলী অনুযায়ী আবেদন ফরম ডাউনলোড করার জন্য অনুরোধ করা হলো।

(মোঃ সাইদুর রহমান)
জেনারেল ম্যানেজার